## বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মো ঃ হুমায়ন কবির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
তারিখ ঃ ০৫/০৮/২০২০ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা কৃষি অফিস,মাদারগঞ্জ,।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট " ক " দ্রষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

আলেচনা-২ পাটের সঠিক বাজার মূল্য নিশ্চিতকরণে মনিটরিং ঃ

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, খরিফ ১ মৌসুমে উচ্চ ফলনশীল জাতের পাটের বাম্পার ফলন হয়েছে। এ বছর দীর্ঘস্থায়ী বন্যার ফলে পাটের আবাদ ক্ষতিগ্রস্ত হলেও নাবী জাত সম্প্রসারণের ফলে সার্বিক ফলনের তেমন কোন তারতম্য পরিলক্ষিত হয়নি। এমতাবস্থায় পাটের সঠিক বাজার মূল্য নিশ্চিতকরণ ও মধ্যস্বত্বভোগদের দৌরাত্ম নিরসন জরুরী। উক্ত আলোচনায় কমিটির সম্মানিত সদস্য জনাব মোখলেছুর রহমান মুক্তা, সাবেক চেয়ারম্যান, কড়ইচড়া রেগুরার মনিটরিংয়ের বিষয়ে গুরুত্বআরোপ করেন। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ পাটের সঠিক বাজার মূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে মধ্যস্বত্বভোগদের দৌরাত্ম কমানো ও রেগুলার মনিটরিং সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মো ঃ হুমায়ন কবির)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
মাদারগঞ্জ,জামালপুর।

স্মারক নং- তারিখ-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ-
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
২। উপজেলা সির্বাহী অফিসার, মাদারগঞ্জ,জামালপুর।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
৪। ---------------------------সদস্য ( সকল) মাদারগঞ্জ,জামালপুর।
৫। অফিস নথি।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
মাদারগঞ্জ,জামালপুর।

## বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মো ঃ হুমায়ন কবির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। |
| তারিখ | ঃ ২১/১০/২০২০ খ্রিঃ |
| সময় | ঃ সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | ঃ উপজেলা কৃষি অফিস,মাদারগঞ্জ,। |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট " ক " দ্রষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

আলোচনা-১। পেঁয়াজের বাজার মূল্য নিয়ন্ত্রনে মনিটরিং ঃ

সভায় সদস্য সচিব সভাকে জানান যে, এই মৌসুমে পেঁয়াজের দাম অস্বাভাবিক ভাবে বৃদ্ধি পাওয়ায় বাজার ব্যবস্থায় একটি অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি হয়েছে। এমতাবস্থায় ভোক্তাদের মধ্যে চরম অসন্তুষ্টি পরিলক্ষিত হয়েছে। এই পরিস্থিতিতে দেখা যায় অনেক অসাধু ব্যবসায়ী পেঁয়াজ মজুদ করে সরকার অনুমোদিত মূল্যের চেয়েও অতিরিক্ত মূল্যে বাজারে বিক্রি করতে দেখা গেছে। যা ভোক্তার ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। সদস্য সচিবের মতামতের প্রেক্ষিতে সম্মানিত সদস্য জনাবা জ্যোৎস্না বেগম জানান পেঁয়াজের দাম নিয়ন্ত্রণে উপজেলার সকল বাজারগুলোর প্রতিটি পাইকারী এবং খুচরা ব্যবসায়ীদের দোকানে মূল্য তালিকা টানানোর ব্যবস্থা করলে এবং নিয়মিত মনিটরিং জোরদার করার ব্যবস্থা করা হলে একদিকে যেমন মূল্য নিয়ন্ত্রণ হবে অন্যদিকে প্রান্তিক কৃষকরাও ন্যার্য মূল্য পাবে। উক্ত বিষয়ে কমিটির উপস্থিত সকল সদস্যবৃন্দ আলাপ আলোচনা করে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ প্রতিটি বাজারে পেঁয়াজের মূল্য তালিকা নির্ধারণ ও মনিটরিং জোরদারকরণ বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা-২। মাছ, মাংস, ডিম ও দুধের বাজার মনিটরিংঃ

সভায় সদস্য সচিব সভাকে জানান,বাজারে মাছ, মাংস, ডিম ও দুধের সরবরাহ বেড়েছে, তবে দুধে অতিরিক্ত পানি মেশানোর অনেক অভিযোগ রয়েছে। এ বিষয়ে স্যানেটারি ইন্সপেক্টর বাজারে লেক্টোমিটার টেস্টের বিষয়ে সভায় গুরুত্বআরোপ করেন। সম্মানিত সভাপতি সহ উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ দুধের ভেজাল পরীক্ষা বাজারে নিশ্চিতকরণ বিষয়ে সভার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মো ঃ হুমায়ন কবির)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
মাদারগঞ্জ,জামালপুর।

স্মারক নং- তারিখ-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ,জামালপুর।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
৪। ---------------------------সদস্য ( সকল) মাদারগঞ্জ,জামালপুর।
৫। অফিস নথি।

২১/১০/২০

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
মাদারগঞ্জ,জামালপুর।

## বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মো ঃ হুমায়ন কবির, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
তারিখ ঃ ০৯/১২/২০২০ খ্রিঃ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।
স্থান ঃ 'উপজেলা কৃষি অফিস,মাদারগঞ্জ,।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট " ক " দ্রষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচী মোতাবেক বক্তব্য উপস্থাপনের জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিবকে অনুরোধ জানান।

আলোচনা-১। শীতকালীন শাকসবজি সঠিক বাজারজাতকরণ ও কৃষকপর্যায়ে ন্যায্যমূল্য নির্ধারণ ঃ

সভায় সদস্য সচিব সভাকে জানান, এ বছর দীর্ঘস্থায়ী বন্যা এবং অনিয়মিত বৃষ্টির কারণে শীত মৌসুমে বাজারে সঠিক সময়ে শাকসবজির সরবরাহ নিশ্চত হয়নি। কৃষক কয়েকবার শাকসবজি সঠিক সময়ে রোপণের পরও বৃষ্টির কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে। ফলে বাজারে শাকসবজির দাম অস্বাভাবকি বেড়েছে। এই আলোচনার প্রেক্ষিতে কমিটির অধিকাংশ সদস্য মতামত দেন যে, বাজারে সবজির দাম অনেক বাড়তি থাকা সত্ত্বেও কৃষক পর্যায়ে এর সঠিক দাম পেতে দেখা যাচ্ছে না। উক্ত সভায় দামের এই বৈষম্যের ব্যাপারে মধ্যস্বত্বভোগী দৌরাত্নকে প্রধান কারণ হিসেবে মনে করেন।

সিদ্ধান্ত ঃ কৃষক পর্যায়ে শাক-সবজির ন্যায্য মূল্য নির্ধারণ ও মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ন কমাতে সঠিক বাজার মনিটরিং নিশ্চিতকরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

আলেচনা-২ ঃ সরিষার সঠিক দাম নির্ধারণ ও ভোক্তা পর্যায়ে জনপ্রিয়করণ ঃ

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, রবি মৌসুমে সরকারে গৃহিত কৃষি প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচির জন্য সরিষার আবাদ বিগত বছরের চেয়েও বেশি হয়েছে এবং উন্নত জাতের (বিনা সরিষা-৪ এবং বারি সরিষা-৯, ১৪ ইত্যাদি) সম্প্রসারণের ফলে ফলনও অনেক বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায় সদস্য সচিব মহোদয় এর সঠিক বাজার দর নির্ধাণের জন্য সভাপতি সহ সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করেন। উপস্থিত সদস্যবৃন্দ উক্ত বিষয়ে একই মত পোষন করেন।

সিদ্ধান্ত ঃ সরিষার সঠিক বাজারজাতকরণের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(মো ঃ হুমায়ন কবির)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
মাদারগঞ্জ,জামালপুর।

স্মারক নং- তারিখ-

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ-
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
২। উপজেলা সির্বাহী অফিসার, মাদারগঞ্জ,জামালপুর।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ,জামালপুর।
৪। ---------------------------সদস্য ( সকল) মাদারগঞ্জ,জামালপুর।
৫। অফিস নথি।

উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত কমিটি
মাদারগঞ্জ,জামালপুর।